# DPSCD ৬-৮ ডিসট্যান্স লার্নিং প্ল্যান

## উপকরণসমূহ

৬-৮ এর শিক্ষার্থীরা শরীরচর্চা, সুস্থতা ও শিল্প সমৃদ্ধকরণের সুযোগ সহ ELA, গণিত, সমাজ শিক্ষা ও বিজ্ঞান বিষয়ে ডিসট্যান্স লার্নিং এ অংশ নেবে। প্রতিদিনের ডিসট্যান্স লার্নিং এর মধ্যে থাকবে:

- লেসন ভিডিও এবং স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেট
- অনলাইনে বা ফোনে শিক্ষকদের কাঠামোগত সহায়তা
- i-রেডি রিডিং এবং গণিত একত্রে শেখা

| লার্নিং রিসোর্স | বিবরণ |
|---|---|
| স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেট | এই ওয়ার্ক প্যাকেটে প্রতিটি বিষয়ের জন্য প্রতিদিনের পাঠের উপকরণ অন্তর্ভুক্ত রয়েছে। প্যাকেটগুলো বিতরণের সাইটসমূহ থেকে নেয়া যাবে অথবা ডিস্ট্রিক্টের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। |
| লেসন ভিডিও | লেসন ভিডিওর লিঙ্ক সরাসরি প্যাকেটে দেয়া আছে। এছাড়া ভিডিওগুলো পাওয়া যাবে www.detroitk12.org/youtube এবং https://gm.greatminds.org/en-us/knowledgeonthego ঠিকানায়। স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেটে পাওয়া নাম ব্যবহার করে ভিডিওগুলো অনুসন্ধান করুন। |
| মাইক্রোসফট টিমস | টিমস ব্যবহার করে শিক্ষার্থীরা সরাসরি শিক্ষক সহায়তা সেশনে অংশ নেবে এবং তাদের কাজ জমা দেবে। শিক্ষার্থীরা অনলাইনে বা ফোনে টিমস অ্যাক্সেস করতে পারবে। |
| i- রেডি | স্বাধীনভাবে অধ্যয়ন ও গণিত অনুশীলনের জন্য এই মিশ্র লার্নিং রিসোর্সটি ব্যবহার করুন। |

## সময়সূচি

নিচে প্রতিটি বিষয়ের জন্য প্রাত্যহিক ও সাপ্তাহিক কাজের একটি সংক্ষিপ্তসার ডিস্ট্রিক্ট কর্তৃক সরবরাহ করা হয়েছে। আপনার সন্তানের শিক্ষকরা লাইভ শিক্ষক সহায়তা সেশন সম্পর্কিত অতিরিক্ত বিবরণ সরবরাহ করবেন। প্রতিদিনের রিডিং ও গণিতের জন্য ক্লাসের নির্ধারিত সময়ে আপনার সন্তানের শিক্ষক টিমসে ৩০ মিনিটের একটি অধিবেশন আয়োজন করবেন। সপ্তাহে দুই বার, নির্ধারিত দিনে শিক্ষার্থীরা তাদের সময়সূচির সঙ্গে সামঞ্জস্য রেখে, তাদের সমাজ শিক্ষা ও বিজ্ঞান বিষয়ের শিক্ষকদের সঙ্গে টিমসে ৩০ মিনিট সময় ব্যয় করবে।

আমরা যথেষ্ট সচেতন রয়েছি যে এমন বহু কারণ রয়েছে যা এই সমস্ত বিষয়কে সঠিক পথে পরিচালনা করা কঠিন করে তোলে, এবং পরিবারগুলোর সম্পৃক্ততার প্রত্যাশিত স্তর সম্পর্কে তাদের সন্তানের শিক্ষকদের সঙ্গে পরিকল্পনা করা উচিত। শিক্ষক, পরিবার ও শিক্ষার্থীরা একসঙ্গে কাজ করলে, আগামী দশ সপ্তাহ আমাদের সকল শিক্ষার্থীর জন্য মূল্যবান শিক্ষার সুযোগ হতে পারে।

| বিষয়বস্তু | লেসন ও লাইভ সেশনের নিয়মিততা | শিক্ষার্থীরা... |
|---|---|---|
| ৬-৮ **রিডিং** | প্রতিদিন | • প্রতিদিন ১০-১৫ মিনিটের ELA/**রিডিং** ভিডিও দেখবে।<br>• স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেটের দৈনিক সাবলীলতা রুটিন সম্পূর্ণ করবে।<br>• স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেট থেকে অথবা টিমসে শিক্ষকের দেখানো কার্যক্রমের মাধ্যমে লেসন সম্পূর্ণ করবে।<br>• প্রতিদিন ২০ মিনিট **স্বাধীনভাবে অধ্যয়ন** সম্পন্ন করবে এবং রিডিং লগ সম্পূর্ণ করবে।<br>• প্রতি সপ্তাহে ৪৫-৬০ মিনিট i-রেডি রিডিং অনলাইন লার্নিং পাথ সম্পূর্ণ করবে।<br>• লেসনের "চিন্তাভাবনা, আলোচনা ও লেখা" অংশ **পড়ার** জন্য লাইভ সাপোর্টে অংশগ্রহণ করবে।<br>• প্রতি সপ্তাহে স্টুডেন্ট ওয়ার্ক পেজ জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে। |
| ৬-৮ **সমাজ শিক্ষা** | প্রতি সপ্তাহে দুইবার | • **সমাজ শিক্ষা** বিষয়ের পড়া ও নথি বিশ্লেষণ সম্পূর্ণ করবে, ভিডিও দেখবে এবং সাপ্তাহিক **সমাজ শিক্ষা** সময়সূচিতে শেখার ক্রিয়াকলাপে অংশ নেবে।<br>• DBQ অগ্রগতি পরীক্ষা করতে শিক্ষকের সঙ্গে অফিস চলাকালীন সময়ে অংশগ্রহণ করবে।<br>• প্রতি সপ্তাহে স্টুডেন্ট ওয়ার্ক জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে। |
| ৬-৮ **গণিত** | প্রতিদিন | • প্রতিদিন **গণিত** বিষয়ক ভিডিও দেখবে (৩০-৪৫ মিনিট)<br>• ভিডিও দেখার সময় **গাণিতিক** সমস্যা সেট সম্পূর্ণ করবে।<br>• প্রতি সপ্তাহে ৪৫-৬০ মিনিট i-**রেডি ম্যাথ** অনলাইন লার্নিং পাথ সম্পূর্ণ করবে।<br>• প্রতিদিনের **গাণিতিক** সমস্যা সেট নিয়ে লাইভ সাপোর্টে অংশ নেবে।<br>• প্রতি সপ্তাহে প্রবলেম সেট জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে। |
| ৬-৮ **বিজ্ঞান** | প্রতি সপ্তাহে দুইবার | • প্রতি সপ্তাহে দুইবার **বিজ্ঞান** বিষয়ের ভিডিও দেখবে (৩-৫ মিনিট)<br>• **বিজ্ঞান** অধ্যয়নের সাপ্তাহিক বুকলেটে অন্তর্ভুক্ত কাজগুলো সম্পূর্ণ করবে।<br>• **বিজ্ঞান** বিষয়ের টেক্সটগুলো জোরে-জোরে পড়ার জন্য মাইঅনের স্পিচ টু টেক্সট ফিচার ব্যবহার করবে।<br>• সপ্তাহের থিম সম্পর্কে লাইভ চ্যাটে অংশ নেবে।<br>• প্রতি সপ্তাহে বুকলেট পেজ জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে। |

| | | |
|---|---|---|
| **শিল্প**, **সঙ্গীত**, PE, **স্বাস্থ্য** | প্রত্যেক বিষয়ে সপ্তাহে একবার | • **শিল্প**, **সংগীত**, **PE ও স্বাস্থ্য** বিষয়ে ডিস্ট্রিক্ট প্রস্তাবিত ক্রিয়াকলাপে অংশ নেবে। |

## গ্রেডিং

শিক্ষকরা শিক্ষার্থীদের জমা দেয়া সমস্ত কাজের ব্যাপারে মতামত জানাবেন, কিন্তু শিক্ষার্থীদের কোন গ্রেড দেয়া হবে না। শিক্ষকরা "অসাধারণ" উল্লেখ করে অথবা সঠিক উত্তরের শতাংশ হিসেব করে এই কাজের মূল্যায়ন করতে পারেন, কিন্তু এই গ্রেড কোন রিপোর্ট কার্ড বা স্থায়ী রেকর্ডে অন্তর্ভুক্ত হবে না। একজন শিক্ষক প্রদত্ত যেকোন প্রতিক্রিয়া কেবল শিক্ষার্থী কাজটি কতটা ভালভাবে সম্পন্ন করেছে তা জানানোর জন্য ব্যবহৃত হবে। শিক্ষার্থীরা ১২ মার্চ, ২০২০ এর মধ্যে শেষ যে দিন স্কুলে অংশ নিয়েছিল সেদিন পর্যন্ত তাদের অ্যাকাডেমিক পারফরম্যান্সের ভিত্তিতে তৃতীয় কোয়ার্টারের জন্য গ্রেড পাবে। এই গ্রেড চতুর্থ কোয়ার্টারেও দেয়া হবে। যেসব শিক্ষার্থী তাদের চতুর্থ কোয়ার্টার গ্রেডে উন্নতি করতে চায় তারা তাদের শিক্ষকের সরবরাহকৃত সমৃদ্ধি উপকরণ ব্যবহার করতে পারে। অন্যথায় তৃতীয় কোয়ার্টারের গ্রেড চতুর্থ কোয়ার্টারের জন্যও গণনা করা হবে।

অ্যাসাইনমেন্টগুলো সমৃদ্ধির ভিত্তিতে হবে। যদিও শিক্ষার্থীদের চতুর্থ কোয়ার্টারে গ্রেড উন্নত করার জন্য অতিরিক্ত ক্রেডিট অর্জনের একটি সুযোগ দেয়া হতে পারে, কিন্তু ডিসট্যান্স লার্নিং এর কাজগুলো শিক্ষার্থীদের তৃতীয় কোয়ার্টারের গ্রেডকে পরিবর্তন করবে না।